



পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)

৩৭/৩/এ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০

www.pallisanchaybank.gov.bd

নং- পসব্য/প্রকা/পরি-২১/২০১৭-১৮/২১৫২

তারিখ : ১৪.০৫.২০১৮খ্রি.

প্রিয় সহকর্মীবন্দ,

আমি উপব্যবস্থাপনা পরিচালক পদে ৩০.০৪.২০১৮ ইং তারিখে পল্লী সঞ্চয় ব্যাংকে যোগদান করেছি। এ ব্যাংকে এবং আপনাদের সাথে কাজ করার সুযোগ পেয়ে আমি নিজেকে ধন্য মনে করছি।

২.০০। আপনারা জানেন যে, পল্লী সঞ্চয় ব্যাংক বর্তমান গণমুখী সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর চিন্তাপ্রসূত একটি বাড়ি একটি খামার প্রকল্পের স্থায়ী প্রাতিষ্ঠানিক রূপ। বাংলাদেশের দরিদ্র জনগোষ্ঠীর দারিদ্র বিমোচনে একটি বাড়ি একটি খামার প্রকল্পের ভূমিকা প্রশংসনীয়। প্রকল্প শেষ হওয়ার পর স্থায়ীভাবে কর্মসূচী পরিচালনাপূর্বক দেশের গ্রামীণ অর্থনীতিতে বৈপ্লবিক পরিবর্তন অব্যাহত রাখার লক্ষ্যে পল্লী সঞ্চয় ব্যাংক সারাদেশের প্রতিটি উপজেলায় ইতোমধ্যে খোলাকৃত ৪৮৫টি শাখার মাধ্যমে কার্যক্রম পরিচালনা করছে।

৩.০০। একটি বাড়ি একটি খামার প্রকল্পের এ পর্যন্ত যা অর্জন তার কৃতিত্ব আপনাদের। এ পর্যন্ত আপনারা মোট ৪০২১৬ টি সমিতির মাধ্যমে ২২ লক্ষ সদস্য সংগ্রহ করেছেন, তাদের মাঝে ৪৮১৩.৯২ কোটি টাকা ঋণ বিতরণ করেছেন এবং ২৯৩০.৩৫ কোটি টাকা ঋণ আদায় করেছেন। বর্তমানে অনাদায়ী ঋণ স্থিতি ২২৪২.০০ কোটি টাকা যার মধ্যে ৬৫% অর্থাৎ ১৪৫৭.৩০ কোটি টাকা মেয়াদউত্তীর্ণ।

৪.০০। মেয়াদউত্তীর্ণ ঋণের উপরোক্ত হার এবং উহার অব্যাহত বৃদ্ধি শুধু উদ্বেগের কারণ নয় বরং প্রতিষ্ঠানটির অস্তিত্বকে হুমকির সম্মুখীন করে তুলতে পারে। অতএব, আপনাদের সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে এ অবস্থার উত্তরণ ঘটাতে হবে। খেলাপী ঋণ গ্রহীতাদের সাথে সরাসরি কথা বলে উপর্যুপরি তাগাদা প্রদান করতে হবে যাতে তারা ঋণ পরিশোধে আগ্রহী হয়। এ ব্যাপারে প্রয়োজনে স্থানীয় প্রশাসনের সহযোগিতা গ্রহণ করতে হবে। যে কোন মূল্যে নতুন কিস্তি খেলাপী সম্পূর্ণ রোধ করতে হবে এবং ঋণ গ্রহীতাদের নিকট থেকে অঙ্গীকারনামা নিয়ে খেলাপীকৃত কিস্তিসমূহ দ্রুত আদায় করতে হবে। এতদুদ্দেশ্যে, শাখা কর্মচারীদের মধ্যে অফিস আদেশের মাধ্যমে খেলাপী ঋণ আদায়ের দায়িত্ব ঋণীভিত্তিক বন্টন করে মাসভিত্তিক লক্ষ্যমাত্রা প্রদানপূর্বক সপ্তাহিক ভিত্তিতে উহার অগ্রগতি তদারকি করার জন্য নির্দেশনা দেয়া হলো।

৫.০০। আমি দৃঢ় আশা পোষণ করি যে, আপনারা উপরোল্লিখিত পন্থায় নিবিড় তদারকীর মাধ্যমে চলতি অর্থবছরের অর্থাৎ আগামী ৩০ জুন ২০১৮ এর মধ্যে মেয়াদউত্তীর্ণ ঋণ আদায়ে উল্লেখযোগ্য অগ্রগতি সাধন করবেন এবং নতুন খেলাপী সম্পূর্ণ রোধ করে ব্যাংকের ঋণ আদায় কার্যক্রমে নতুন মাত্রা যোগ করবেন।

৬.০০। এ ব্যাংকের উন্নয়নে আপনাদের সহযোগিতা কামনা করছি। আপনাদের সহযোগিতা পেলে এ ব্যাংকের মাধ্যমে দেশের দরিদ্র জনসাধারণের দারিদ্রতা দূরীকরণার্থে গুরুত্বপূর্ণ অবদান রাখতে সক্ষম হব মর্মে দৃঢ় আশাবাদ ব্যক্ত করছি।



(মোঃ মহব্বত উল্লাহ)

উপ-ব্যবস্থাপনা পরিচালক

ফোনঃ ৫৫১৩৮৫৫৯

ই-মেইল : dmd@pallisanchaybank.gov.bd

সকল শাখা ব্যবস্থাপক (সাময়িক দায়িত্বে)

পল্লী সঞ্চয় ব্যাংক।

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. সকল মহাব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. সকল সহকারী মহাব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৫. নথি।